

জারির নম্বর:.....

তারিখ :

নোটিশ

১। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট : জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।


২। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট : উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।

৩। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট : সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর।

৪। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট : মেয়র, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।

৫। নোটিশ বোর্ড : ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ইউনিয়ন ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর।

৬। সরেজমিন : মৌজা- চকচকা, জে.এল. নং-৪৯, মৌজা- সুজাপুর, জে.এল. নং-৪৮, উপজেলা : ফুলবাড়ী, জেলা : দিনাজপুর।



এতদ্বারা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৭ ধারা মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি “দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলা হেডকোয়ার্টার হতে সুজাপুর (ফুলবাড়ী জিসি) রাস্তায় ৫০০.০০ মিঃ চেইনেজে ছোট যমুনা নদীর উপর ৭৫.০০ মিঃ আর.সি.সি গার্ডার ব্রিজ নির্মাণ” প্রকল্পের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তির মালিক/দখলদার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ০৫/০৯/১৮ তারিখে ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,

(ক) উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্ত রূপ স্বার্থের ভিত্তিসহ দাবীর পূর্ণ বিবরণ প্রদান করিবেন এবং

(খ) উক্ত সম্পত্তির অথবা উহার কোন অংশের অংশীদার, লীজগ্রহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে এবং উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোন স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।

(গ) শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্র সংগে আনিবেন;

তফসিল

| জেলা : দিনাজপুর | | উপজেলা : ফুলবাড়ী | | মৌজা : চকচকা | | জে.এল নং-৪৯ | |
|-----------------|----------------------|-------------------|-----------------------|--|---------|-------------|--|
| ক্রমিক নং | খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | জমির শ্রেণী (এস.এ) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য | | |
| ০১ | ১২২ | ৯৬ | ডাঙা | ০.১১৫০ | - | | |
| ০২ | ২০৬ | ১২৩০ | বাগান | ০.৩০ | - | | |

| জেলা : দিনাজপুর | | উপজেলা : ফুলবাড়ী | | মৌজা : সুজাপুর | | জে.এল নং-৪৮ | |
|-----------------|----------------------|-------------------|-----------------------|--|---------|-------------|--|
| ক্রমিক নং | খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | জমির শ্রেণী (এস.এ) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য | | |
| ০৩ | ৩৫৯ | ৬৪৬ | দলা | ০.২০ | - | | |
| ০৪ | ৩৫৯ | ৬৪৭ | ডাঙা ও বাস্তু | ০.০৪৫ | - | | |
| সর্বমোট= | | | | ০.৬৬ | - | | |

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

১। নিজে বা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন।

২। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.dinajpur.gov.bd ভিজিট করুন।

২০.০৮.১৮

২০.০৮.১৮

২০.০৮.১৮

জেলা প্রশাসক/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
মোসাঃ লায়লা আক্তমান বানু
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
দিনাজপুর।